

করোনাভাইরাস রোগ ২০১৯ (কোভিড-১৯) প্রতিরোধে থেকে ১১ বছর বয়সীদের ক্ষেত্রে ব্যবহারের জন্য ফাইজার-BIONTECH কোভিড-১৯ টিকা সম্পর্কে গ্রহণকারী ও কেয়ারগিভারদের জন্য টিকার তথ্যশিট

৫ থেকে ১১ বছর বয়সের জন্য

SARS-CoV-2 ফলে সৃষ্ট করোনাভাইরাস রোগ ২০১৯ (কোভিড-১৯) প্রতিরোধে আপনার সন্তানকে ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা দেওয়া হচ্ছে।

প্রাপক ও কেয়ারগিভারদের জন্য এই টিকা তথ্যশিটে অনুমোদিত ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকার জন্য তথ্যশিট অন্তর্ভুক্ত রয়েছে যা ৫ থেকে ১১ বছর বয়সীদের ক্ষেত্রে ব্যবহারের জন্য প্রযোজ্য।

ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা ৫ থেকে ১১ বছর বয়সীদের দুই-ডোজের প্রাথমিক সিরিজ প্রদানের জন্য FDA থেকে EUA পেয়েছে।

এছাড়াও ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা যে সকল ৫ থেকে ১১ বছর বয়সী শিশুর নির্দিষ্ট ধরনের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল বলে চিহ্নিত হয়েছে তাদেরকে একটি তৃতীয় প্রাথমিক সিরিজ ডোজ প্রদানের জন্য FDA থেকে EUA পেয়েছে।

এই টিকা তথ্যশিটে ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকার ঝুঁকি ও উপকারিতা বুঝতে সাহায্য করার জন্য তথ্য রয়েছে, যা আপনার সন্তান পেতে পারে কারণ বর্তমানে কোভিড-১৯-এর মহামারী চলমান আছে। কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের টিকা প্রদানকারীর সাথে কথা বলুন।

এই তথ্যশিট আপডেট করা হতে পারে। সর্বশেষ তথ্যশিটের জন্য, অনুগ্রহ করে www.cvdvaccine.com দেখুন।

আপনার সন্তান টিকা নেবার আগে আপনার কী কী জানা দরকার

কোভিড-১৯ কী?

কোভিড-১৯ রোগ SARS-CoV-2 নামক একটি করোনাভাইরাসের ফলে সৃষ্টি হয়। এই ভাইরাস রয়েছে এমন কোনো ব্যক্তির সংস্পর্শে আসার মাধ্যমে আপনি কোভিড-১৯-এ আক্রান্ত হতে পারেন। এটি মূলত একটি শ্বাসতন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে আক্রান্ত করতে পারে। কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তিদের মধ্যে মৃদু উপসর্গ থেকে শুরু করে গুরুতর অসুস্থতা দেখা গেছে, যার ফলে মৃত্যুও ঘটেছে। ভাইরাসে আক্রান্ত হবার ২ থেকে ১৪ দিন পর উপসর্গ দেখা দিতে পারে। উপসর্গের

। আপনার সন্তানের বয়স ১২ বছর হলেও আপনি এই টিকা তথ্যশিট পেতে পারেন। যেসব শিশু তাদের প্রথম ও দ্বিতীয় ডোজের মধ্যে ১১ বছর থেকে ১২ বছর বয়সে পড়বে, তারা প্রাথমিক নিয়মে একটি ডোজ পাবে, অন্য ডোজের জন্য পাবে: (১) ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা যা ৫ থেকে ১১ বছর বয়সীদের ক্ষেত্রে ব্যবহারের জন্য অনুমোদিত; অথবা (২) COMIRNATY (কোভিড-১৯ টিকা, mRNA) অথবা ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা ১২ বছর বা তার বেশি বয়সীদের ক্ষেত্রে ব্যবহারের জন্য অনুমোদিত।

মধ্যে থাকতে পারে: জ্বর বা ঠাণ্ডা; কাশি; শ্বাসকষ্ট; ক্লান্তি, পেশি বা শরীরে ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা ঘ্রাণশক্তি হারানো; গলা ব্যথা; নাকবন্ধ হওয়া বা নাক দিয়ে সর্দি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

EUA বিষয়ক আরো তথ্যের জন্য, এই তথ্যশিটের শেষে “**জরুরি অবস্থায় ব্যবহারের অনুমোদন (EUA) কী?**” পরিচ্ছেদটি দেখুন।

আপনার সন্তান টিকা নেবার আগে আপনি আপনার সন্তানের টিকা প্রদানকারীর কাছে কী কী উল্লেখ করবেন?

টিকা প্রদানকারীকে আপনার সন্তানের সকল মেডিকেল অবস্থা জানান, যার মধ্যে রয়েছে আপনার সন্তানের:

- কোনো অ্যালার্জি আছে কিনা
- মায়োকর্ডাইটিস (হৃদ পেশির প্রদাহ) বা পেরিকর্ডাইটিস (হৃদযন্ত্রের বাইরের আবরণের প্রদাহ) আছে কিনা
- জ্বর আছে কিনা
- রক্ত জমাট না বাঁধার সমস্যা আছে কিনা অথবা রক্ত পাতলাকারক ওষুধ সেবন করছে কিনা
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল অথবা এমন কোনো ওষুধ সেবন করছে কিনা যা আপনার সন্তানের রোগ প্রতিরোধ ক্ষমতা প্রভাবিত করছে
- গর্ভবতী
- বুকের দুধ খাওয়াচ্ছে
- অন্য একটি কোভিড-১৯ টিকা নিয়েছে
- ইনজেকশন নেবার কারণে কখনো অজ্ঞান হয়ে গিয়েছে কিনা

টিকা কিভাবে দেওয়া হয়?

ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা আপনার সন্তানকে পেশীতে দেবার ইনজেকশন হিসেবে দেওয়া হবে।

এই টিকা ৩ সপ্তাহের ব্যবধানে, ২- ডোজ সিরিজ হিসেবে দেওয়া হচ্ছে। যেসকল ব্যক্তির নির্দিষ্ট ধরনের দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা আছে চিহ্নিত হয়েছে তাদের জন্য দ্বিতীয় ডোজের কমপক্ষে ২৮ দিন পর একটি তৃতীয় প্রাথমিক সিরিজ ডোজ চালু করা হতে পারে।

এই টিকা সবাইকে সুরক্ষা দিতে পারে না।

কারা এই টিকা নেবেন না?

আপনার সন্তানকে এই টিকা দেওয়া যাবে না যদি আপনার সন্তানের:

- এই টিকার আগের কোনো ডোজের পর গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া হয়ে থাকে
- এই টিকার যেকোনো উপকরণ থেকে গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া হয়ে থাকে।

এই টিকার উপাদানগুলো কী কী?

এই টিকার উপাদানের মধ্যে রয়েছে: mRNA, লিপিড ((4-

হাইড্রোক্সিবিউটাইল)অ্যাজাএন্ডিল)বিস(হেক্সেন-৬,১-ডাইল)বিস(২-হেক্সাইলডেকানয়েট), ২ [(পলিইথিলিন গ্লাইকল)-২০০০]-N,N-ডাইটেট্রাডেকাইলআসিটামাইড, ১,২-ডাইস্টেরইল-sn-গ্লাইসেরো-৩-ফসফোকোলিন, এবং কোলেস্টেরল), ট্রোমেথামিন, ট্রোমেথামিন হাইড্রোক্লোরাইড, স্ক্রোজ, এবং সোডিয়াম ক্লোরাইড।

এই টিকা কি আগে ব্যবহৃত হয়েছে?

২০২০ সালের ১১ ডিসেম্বর থেকে শুরু করে এখন পর্যন্ত EUA এর আওতায় ১২ বছর ও তার বেশি বয়সী কয়েক মিলিয়ন মানুষ ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা নিয়েছে। একটি ক্লিনিকাল ট্রায়ালে, ৫ থেকে ১১ বছর বয়সী প্রায় ৩,১০০ জন মানুষ ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকার কমপক্ষে ১ টি ডোজ নিয়েছেন। অন্যান্য ক্লিনিকাল ট্রায়ালে, ১২ বছর ও তার বেশি বয়সী প্রায় ২৩,০০০ মানুষ এই টিকার কমপক্ষে ১ টি ডোজ নিয়েছেন। ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে ব্যবহারের জন্য অনুমোদিত এই টিকার মধ্যে একই mRNA এবং লিপিড রয়েছে তবে ১২ বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের ক্ষেত্রে EUA-এর অধীনে ব্যবহৃত টিকার তুলনায় বিভিন্ন নিষ্ক্রিয় উপাদান রয়েছে যা ক্লিনিকাল ট্রায়ালে গবেষণা করা হয়েছে। বিভিন্ন নিষ্ক্রিয় উপাদানের ব্যবহার রেফ্রিজারেটেড তাপমাত্রায় টিকাকে স্থিতিশীল রাখতে সাহায্য করে এবং ফর্মুলেশনটি সহজেই ৫ থেকে ১১ বছর বয়সীদের উপযুক্ত ডোজ সরবরাহ করার জন্য প্রস্তুত করা যেতে পারে।

এই টিকার সুবিধাগুলো কী কী?

এই টিকাকে কোভিড-১৯ প্রতিরোধ করতে দেখা গেছে।

কোভিড-১৯-এর বিরুদ্ধে সুরক্ষার সময়কাল এখনো জানা যায়নি।

এই টিকার ঝুঁকিগুলো কী কী?

এই টিকার ফলে গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া দেখা দেবার সামান্য সম্ভাবনা রয়েছে। সাধারণত এই টিকার একটি ডোজ নেবার কয়েক মিনিট থেকে এক ঘণ্টার মধ্যে গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে। এই কারণে, টিকা প্রদানকারী আপনার সন্তানকে টিকাদানের পর পর্যবেক্ষণের জন্য আপনার সন্তান যে স্থানে টিকা নিয়েছে সেখানেই তাকে থাকতে বলতে পারে। গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়ার মধ্যে থাকতে পারে:

- শ্বাসকষ্ট
- মুখ ও গলা ফুলে যাওয়া
- দ্রুত হৃদস্পন্দন
- পুরো শরীরে অস্বস্তিকর ফুসকুড়ি
- মাথা ঘোরা এবং দুর্বলতা

এই টিকা গ্রহণকারী কিছু ব্যক্তির ক্ষেত্রে মায়োকার্ডাইটিস (হৃদপেশির প্রদাহ) এবং পেরিকার্ডাইটিস (হৃদযন্ত্রের বাইরের আবরণের প্রদাহ) ঘটতে দেখা গেছে। এসব ব্যক্তির অধিকাংশের ক্ষেত্রে, টিকার দ্বিতীয় ডোজ গ্রহণের কয়েক দিনের মধ্যে উপসর্গগুলো শুরু হয়েছে। এমনটা ঘটার সম্ভাবনা খুবই কম। টিকা নেবার পর আপনার সন্তানের নিম্নলিখিত উপসর্গের যেকোনো একটি দেখা দিলে তাৎক্ষণিকভাবে মেডিকেল সহায়তা নিন:

- বুকে ব্যথা
- শ্বাসকষ্ট
- দ্রুত-স্পন্দন, বুক ধড়ফড় করা, বা অস্বাভাবিক হৃদস্পন্দন অনুভব করা

এই টিকার ক্ষেত্রে যেসব পার্শ্ব প্রতিক্রিয়া দেখা গেছে তার মধ্যে রয়েছে:

- গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া
- সাধারণ অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া যেমন ফুসকুড়ি, চুলকানি, ফোলা ভাব, বা মুখ ফুলে যাওয়া
- মায়োকার্ডাইটিস (হৃদপেশির প্রদাহ)

- পেরিকার্ডাইটিস (হৃদযন্ত্রের বাইরের আবরণের প্রদাহ)
- ইনজেকশন নেবার জায়গায় ব্যথা
- ক্লান্তি
- মাথাব্যথা
- পেশির ব্যথা
- ঠাণ্ডা
- জয়েন্টে বা গাঁটে ব্যথা
- জ্বর
- ইনজেকশন নেবার জায়গা ফুলে যাওয়া
- ইনজেকশন নেবার জায়গা লালচে হওয়া
- বমি বমি ভাব
- অসুস্থতা অনুভব করা
- লসিকা গ্রন্থি ফুলে যাওয়া (লিম্ফাডেনোপ্যাথি)
- ক্ষুধামন্দা
- ডায়রিয়া
- বমি বমি ভাব
- বাহুতে ব্যথা
- টিকার ইনজেকশন নেবার কারণে অজ্ঞান হয়ে যাওয়া

এগুলো এই টিকার সম্ভাব্য সকল পার্শ্ব প্রতিক্রিয়া নাও হতে পারে। জটিল ও অপ্রত্যাশিত পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে। ক্লিনিকাল ট্রায়ালে এই টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো নিয়ে এখনো গবেষণা করা হচ্ছে।

পার্শ্ব প্রতিক্রিয়ার ব্যাপারে আমার কী করা উচিত?

আপনার সন্তান গুরুতর অ্যালার্জিকজনিত প্রতিক্রিয়ার সম্মুখীন হলে, 9-1-1 এ কল করুন, অথবা নিকটস্থ হাসপাতালে যান।

যদি আপনার সন্তানের এমন কোনো পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দেয় যা তাকে অস্বস্তি দিচ্ছে অথবা সেরে যাচ্ছে না সেক্ষেত্রে টিকা প্রদানকারী বা আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

FDA/CDC টিকার বিরূপ প্রতিক্রিয়া রিপোর্টিং সিস্টেমকে (VAERS) টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো জানান। VAERS এর বিনামূল্যে কল করার নম্বর 1-800-822-7967 অথবা অনলাইনে জানান <https://vaers.hhs.gov/reportevent.html> এই ঠিকানায়। অনুগ্রহ করে রিপোর্ট ফর্মের #১৮ নম্বর বক্সের প্রথম লাইনে "Pfizer-BioNTech COVID-19 Vaccine EUA" অন্তর্ভুক্ত করুন।

এছাড়াও, আপনি নিম্নে প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে Pfizer Inc.-এর পার্শ্ব প্রতিক্রিয়াগুলো জানাতে পারেন।

ওয়েবসাইট	ফ্যাক্স নম্বর	টেলিফোন নম্বর
www.pfizersafetyreporting.com	1-866-635-8337	1-800-438-1985

এছাড়াও আপনাকে V-safe-এ তালিকাভুক্ত হবার সুযোগ দেওয়া হতে পারে। V-safe একটি নতুন

ঐচ্ছিক স্মার্টফোন ভিত্তিক টুল যা কোভিড-১৯ টিকাদানের পর সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া শনাক্ত করতে টেক্সট বার্তা এবং ওয়েব সার্ভে/জরিপ ব্যবহার করে টিকা গ্রহণকারী লোকদের সাথে যোগাযোগ করে। V-safe এর জিজ্ঞাসিত প্রশ্ন CDC কে কোভিড-১৯ টিকার সুরক্ষা পর্যবেক্ষণে সাহায্য করে। এছাড়াও V-safe প্রয়োজন হলে দ্বিতীয়-ডোজের রিমাইন্ডার দেয় এবং অংশগ্রহণকারীরা কোভিড-১৯ টিকাদানের পর কোনো উল্লেখযোগ্য স্বাস্থ্য প্রভাবের কথা জানালে CDC কর্তৃক সরাসরি টেলিফোনে ফলো-আপ সরবরাহ করে। কিভাবে সাইন আপ করবেন সে বিষয়ে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: www.cdc.gov/vsafe।

আমি আমার সন্তানকে ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা না দেওয়াতে চাইলে কী হবে?

EUA এর আওতায়, টিকা গ্রহণ বা প্রত্যাখ্যান করার সুযোগ রয়েছে। আপনি আপনার সন্তানকে এটি না দেয়ার সিদ্ধান্ত নিলেও, আপনার সন্তানের স্বাভাবিক মেডিকেল সেবায় কোনো পরিবর্তন হবে না।

কোভিড-১৯ প্রতিরোধের জন্য ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকার পাশাপাশি অন্যান্য বিকল্প উপলভ্য রয়েছে কী?

৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে, জরুরি অবস্থায় ব্যবহারের অনুমোদনের আওতায় আর কোনো কোভিড-১৯ টিকা উপলভ্য নেই এবং কোনো অনুমোদিত কোভিড-১৯ টিকা নেই।

আমার সন্তান কি অন্যান্য টিকার সাথে একই সময়ে ফাইজার-BIONTECH কোভিড-১৯ টিকা গ্রহণ করতে পারবে?

অন্যান্য টিকার সাথে একই সময়ে ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা প্রয়োগের বিষয়ে FDA-র কাছে এখনও তথ্য জমা দেওয়া হয়নি। আপনি যদি আপনার সন্তানকে অন্যান্য টিকার সাথে ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকা দেওয়ার কথা বিবেচনা করেন তাহলে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা দানকারীর সাথে বিকল্প নিয়ে আলোচনা করুন।

আমার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হলে সেক্ষেত্রে কী হবে?

আপনার সন্তানের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হলে, আপনার সন্তানকে টিকার তৃতীয় ডোজ দেবার সুযোগ দেওয়া হতে পারে। তৃতীয় ডোজটি এখনও প্রতিরোধ ক্ষমতা দুর্বল ব্যক্তিদের ক্ষেত্রে কোভিড-১৯-এর সম্পূর্ণ অনাক্রম্যতা সরবরাহ করতে পারে না এবং আপনার সন্তানের কোভিড-১৯ প্রতিরোধে সাহায্য করার জন্য শারীরিক সতর্কতা বজায় রাখা অব্যাহত রাখতে হবে। এছাড়াও, আপনার সন্তানের ঘনিষ্ঠজনদের যথাযথভাবে টিকা গ্রহণ সম্পন্ন করতে হবে।

গর্ভাবস্থা বা বুকের দুধ খাওয়ানোর ক্ষেত্রে কী হবে?

আপনার সন্তান যদি গর্ভবতী হয়ে থাকে অথবা বুকের দুধ খায়, তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

এই টিকার ফলে আমার সন্তানের কি কোভিড-১৯ হতে পারে?

না। এই টিকায় SARS-CoV-2 নেই এবং এর ফলে আপনার সন্তানের কোভিড-১৯ হবে না।


আপনার সন্তানের টিকাকার্ড সংরক্ষণ করুন

আপনার সন্তান প্রথম ডোজ নেবার পর, আপনার সন্তানের টিকার পরের ডোজ(গুলো) নিতে কখন আসতে হবে তা দেখানোর জন্য আপনি একটি টিকাকার্ড পাবেন। আপনার সন্তানকে আবার নিয়ে আসার সময় টিকাকার্ড আনতে ভুলবেন না।

অতিরিক্ত তথ্য

আপনার প্রশ্ন থাকলে, ওয়েবসাইটে যান অথবা নিচে প্রদত্ত টেলিফোন নম্বরে কল করুন।

সর্বশেষ তথ্যশিটে অ্যাক্সেস পেতে, অনুগ্রহ করে নিচে প্রদত্ত QR কোডটি স্ক্যান করুন।

গ্লোবাল ওয়েবসাইট	টেলিফোন নম্বর
www.cvdvaccine.com 	1-877-829-2619 (1-877-VAX-CO19)

আমি কিভাবে আরো জানতে পারি?

- আপনার টিকা প্রদানকারীকে জিজ্ঞেস করুন।
- <https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html>-এ গিয়ে CDC ভিজিট করুন।
- <https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal-regulatory-and-policy-framework/emergency-use-authorization>-এ গিয়ে FDA ভিজিট করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের জনস্বাস্থ্য বিভাগে যোগাযোগ করুন।

আমার সন্তানকে টিকাদানের তথ্য কোথায় সংরক্ষণ করা হবে?

টিকা প্রদানকারী আপনার স্টেট/স্থানীয় এখতিয়ারের টিকাদান তথ্য সিস্টেম (IIS) বা অন্যান্য মনোনীত সিস্টেমে আপনার সন্তানের টিকাদানের তথ্য অন্তর্ভুক্ত করতে পারে। এটি নিশ্চিত করবে যে আপনার সন্তান দ্বিতীয় ডোজের জন্য আবার এলে একই টিকা পাবে। IIS সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন: <https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html>.

কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য কি আমার কাছ থেকে কি কোনও ফি নেওয়া হবে?

না। বর্তমানে, প্রদানকারী টিকার ডোজের জন্য আপনার কাছ থেকে অর্থ নিতে পারবে না এবং শুধুমাত্র কোভিড-১৯ টিকা গ্রহণ করলে আপনাকে আউট-অব-পকেট টিকা প্রদান ফি বা অন্য কোনো ফি দিতে হবে না। তবে, টিকা প্রদানকারী এমন একটি প্রোগ্রাম বা প্ল্যান থেকে যথাযথ ব্যয়পূরণ চাইতে পারে যা টিকা গ্রহণকারীর জন্য কোভিড-১৯ টিকা প্রদানের ফি (ব্যক্তিগত বীমা, মেডিকেলার, মেডিকেলিড, স্বাস্থ্য সংস্থান এবং সেবা প্রশাসন [HRSA] বীমাহীন গ্রহণকারীদের জন্য কোভিড-১৯ আনইনশিওরড প্রোগ্রাম)।

সন্দেহজনক প্রতারণার জন্য আমি কোথায় অভিযোগ জানাতে পারি?

CDC কোভিড-১৯ টিকাদান কর্মসূচি আবশ্যিকীয়তার যেকোনো সম্ভাব্য লঙ্ঘনের বিষয়ে সচেতন হওয়া ব্যক্তিদের 1-800-HHS-TIPS-এ যুক্তরাষ্ট্র স্বাস্থ্য ও মানব সেবা বিভাগে, ইন্সপেক্টর জেনারেলের কার্যালয়ে, অথবা <https://TIPS.HHS.GOV>.-এ অভিযোগ জানাতে উৎসাহিত করা হয়।

পাল্টা ব্যবস্থা হিসেবে আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচি কী?

পাল্টা ব্যবস্থা হিসেবে আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচি (CICP) একটি ফেডারেল কর্মসূচি যা এই টিকাসহ কিছু নির্দিষ্ট ওষুধ বা টিকার ফলে গুরুতরভাবে আহত হয়েছে এমন ব্যক্তিদের চিকিৎসা সেবার খরচ ও অন্যান্য নির্দিষ্ট ব্যয়ের জন্য অর্থ প্রদান করতে সাহায্য করতে পারে। সাধারণত, টিকা গ্রহণের তারিখ থেকে এক (১) বছরের মধ্যে CICP-তে একটি দাবি জমা দিতে হবে। এই

কর্মসূচি সম্পর্কে আরো জানতে, ভিজিট করুন www.hrsa.gov/cicp/ অথবা 1-855-266-2427
নম্বরে কল করুন।

জরুরি অবস্থায় ব্যবহারের অনুমোদন (EUA) কী?

জরুরি অবস্থায় ব্যবহারের অনুমোদন (EUA) এমন একটি প্রক্রিয়া যা বর্তমান কোভিড-১৯ মহামারীর মতো জনস্বাস্থ্যের জরুরি অবস্থার সময় টিকাসহ চিকিৎসা পণ্যগুলোর প্রাপ্যতা এবং ব্যবহারকে সহজতর করে তোলে। একটি EUA স্বাস্থ্য ও মানব সেবা সচিব (HHS) কর্তৃক ঘোষণা দ্বারা সমর্থিত হয় যে কোভিড-১৯ মহামারীর সময় ওষুধ এবং বায়োলজিক্যাল পণ্যের জরুরি ব্যবহারকে ন্যায্যতা দেওয়ার জন্য পরিস্থিতি বিদ্যমান।

FDA একটি EUA জারি করতে পারে যখন নির্দিষ্ট মানদণ্ড পূরণ করা হয়, যার মধ্যে রয়েছে কোনো উপযুক্ত, অনুমোদিত, বিকল্প উপলব্ধ নেই। উপরন্তু, FDA'র সিদ্ধান্তটি উপলভ্য বৈজ্ঞানিক প্রমাণ সমগ্রের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে যা থেকে দেখা যায় যে পণ্যটি কোভিড-১৯ মহামারীর সময় কোভিড-১৯ প্রতিরোধের জন্য কার্যকর হতে পারে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য উপকারিতা পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকিকে অতিক্রম করে। কোভিড-১৯ মহামারীর সময় রোগীদের চিকিৎসায় পণ্যটি ব্যবহার করার অনুমোদন দেওয়ার জন্য এই সকল মানদণ্ড অবশ্যই পূরণ করতে হবে।

ফাইজার-BioNTech কোভিড-১৯ টিকার জন্য এই EUA সমাপ্ত হবে যখন HHS সচিব নির্ধারণ করবেন যে EUA সমর্থন করার মতো পরিস্থিতি আর নেই অথবা যখন পণ্যটির অনুমোদনের স্থিতিতে কোনো পরিবর্তন হবে যেক্ষেত্রে EUA আর প্রয়োজন হবে না।



প্রস্তুতকারক

Pfizer Inc., New York, NY 10017

BIONTECH

BioNTech Manufacturing GmbH

An der Goldgrube 12

55131 Mainz, Germany

এর জন্য প্রস্তুতকৃত

LAB-1486-2.1

পরিমার্জিত: ০৩ জানুয়ারি ২০২২

চিকিৎসা সেবা প্রদানকারী(দের) কর্তৃক সঠিক টিকাদানের স্থিতি তথ্য, টিকাদান মূল্যায়ন এবং ভবিষ্যত টিকাদানের জন্য প্রস্তাবিত সময়সূচী নির্ধারণের জন্য, তথ্য মিশিগান কেয়ার ইমপ্রুভমেন্ট রেজিস্ট্রিতে পাঠানো হবে। ব্যক্তির তার চিকিৎসা সেবা প্রদানকারীকে রেজিস্ট্রিতে টিকাদানের তথ্য প্রেরণ না করতে অনুরোধ করার অধিকার আছে।

mRNA টিকা (ফাইজার ও মডার্নার তৈরি) উৎপাদন বা তৈরি করার জন্য ড্রাগ কোষ লাইন ব্যবহার করেনি। তবে, উৎপাদন ও প্রস্তুতের আগে কার্যকারিতা নিশ্চিত করার জন্য ড্রাগ কোষ লাইন প্রাথমিক পর্যায়ে ব্যবহার করা হয়েছিল।



ইলেক্ট্রনিক মেডিকেল রেকর্ড/টিকাদান তথ্য সিস্টেমের জন্য টিকা গ্রহণকারীকে এই তথ্যশিট সরবরাহ করা হয়েছে তা ক্যাণ্ডার করার জন্য এটি স্ক্যান করুন।

GDTI: 0886983000424

MDHHS-PUB-1298(1)BE

অনুমোদন: P. H. S., আইন ৪২, ধারা ২১২৬।